



❖ আজ আমরা পড়বো 'চিত্র বর্ণনা' বা Picture writing.

## চিত্র বর্ণনা

'চিত্র বর্ণনা' হলো:- একটি চিত্র বা ছবি দেখে, তার সম্পর্কে নিজের বিচার, অর্থাৎ ছবিটি দেখে আমি কি বুঝছি, তা ব্যক্ত করা।

'চিত্র বর্ণনা' লেখার সময় যে বিষয়গুলি মাথায় রাখা দরকার সেগুলি হলো:-

- যে ছবিটি দেওয়া আছে সেটিকে খুব ভালো করে পর্যবেক্ষণী দৃষ্টি দিয়ে দেখা এবং বোধগম্য করা।
- খুব ছোটো করে ছবিতে দেওয়া প্রত্যেকটি বস্তুর উল্লেখ করা, এবং তার সংক্ষিপ্ত বর্ণনা দেওয়া।

❖ উদাহরণ স্বরূপ একটি 'চিত্র বর্ণনা' তোমাদের লিখে দেখানো হল:-



উপরের ছবিটি দেখে আমরা যা যা জানতে পারছি সেগুলি হলো:-

১. ছবিতে যে দৃশ্য আমরা দেখতে পাচ্ছি সেটি একটি গ্রামের দৃশ্য।

২. গ্রামটি সবুজ ঘাস ও গাছপালা দিয়ে ঘেরা এবং গ্রামের পাশ দিয়ে একটি স্বচ্ছ নদী প্রবাহিত হয়েছে।
৩. প্রভাতী সূর্যের আলোয় চারদিক আলোকিত হয়েছে।
৪. গ্রামের মনোরম পরিবেশে একটি ছোট ছেলে এবং একটি ছোটো মেয়ে ঘুড়ি ওড়াচ্ছে।
৫. নদীর ধারে দুটি খড়ের ছাউনি দেওয়া মাটির বাড়ি , এবং দূরে কিছু নারকেল গাছ ও কলাগাছ দেখা যাচ্ছে।

❖ এবার তোমাদের একটি ছবি দিয়ে দেওয়া হলো, উপরের মতো তোমরা নিচের ছবিটি দেখে পাঁচটি বাক্যে তার বর্ণনা লিখবে।

